দৈনিক ইত্তেফাক 40
তারিখ 14 MAY 1990
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৫

# ডিগ্রী পরীক্ষায় ১০০ সাদা খাতা

## নকলের দাবীতে মিছিল

রংপুর সংবাদদাতার ফোন: রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী পরীক্ষার দ্বিতীয় দিনে বদরগঞ্জ উপজেলার বদরগঞ্জ কেন্দ্রের ১২০ জন পরীক্ষার্থীর মধ্যে গতকাল (রবিবার) ১০৬ জন নকলের দাবীতে পরীক্ষা বর্জন করে। তাহারা উপজেলার বিভিন্ন সড়কে মিছিল করে। তাহারা দাবী করে যে, গত শনিবার অন্যায়ভাবে ৪ জনকে বহিষ্কার করা হইয়াছে।

(২য় পৃঃ দ্রঃ)

### ডিগ্রী পরীক্ষায়

(১ম পৃঃ পর)

এদিকে কারমাইকেল বিশ্ববিদ্যালয় কলেজ কেন্দ্রে ১৩৩০ জন পরীক্ষার্থীর মধ্যে গতকাল ৮২৬ জন পরীক্ষায় অংশগ্রহণ করে নাই। পীরগাছা কেন্দ্র হইতে গতকাল ২২ জনকে ও কারমাইকেল কেন্দ্র হইতে ৫ জনকে বহিষ্কার করা হয়।

সিরাজগঞ্জ সংবাদদাতার ফোন, ডিগ্রী পরীক্ষার ২য় দিনে জেলার ৫টি কেন্দ্রে ১০ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। প্রশ্নপত্র কমন না পড়ায় স্থানীয় সরকারী কলেজ কেন্দ্রের একশত রসায়ন পরীক্ষার্থী প্রথমার্ধেই সাদা খাতা জমা দিয়া হল ত্যাগ করে। পরীক্ষা কেন্দ্রে কড়াকড়ি আরোপ করায় ৫টি কেন্দ্রে ৭৪ জন পরীক্ষার্থী অনুপস্থিত থাকে।

খুলনা অফিস জানায়, গতকাল বি,এ, বি,এসসি ও বি,কম পরীক্ষার দ্বিতীয় দিনে দৌলতপুর দিবা-নৈশ কলেজ হইতে নকল করার অভিযোগে ১৯ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হইয়াছে। খুলনা নগরীর অপর ৭টি কেন্দ্র হইতে কেহ বহিষ্কার হয় নাই।

এদিকে বাগেরহাট জেলার ফকিরহাট হইতে প্রাপ্ত খবরে জানা গিয়াছে, পরীক্ষা হলে কড়াকড়িভাবে পরিদর্শন করার প্রতিবাদে ফকিরহাট কলেজের সকল পরীক্ষার্থী একজোট হইয়া হল হইতে বাহির হইয়া যায়। তাহারা এই সময় সেখানে উপস্থিত ফকিরহাট উপজেলা নির্বাহী অফিসারকে ঘেরাও করে। দশ মিনিট পর পরীক্ষার্থীরা পুনরায় পরীক্ষায় অংশগ্রহণ করে।

কুষ্টিয়া: গতকাল কুষ্টিয়া ইসলামিয়া কলেজ কেন্দ্রে ১২ জন, কুমারখালী ৭ জন এবং ভেড়ামারা কলেজ কেন্দ্রে ১১ জন ডিগ্রী পরীক্ষার্থী বহিষ্কৃত হয়।

পঞ্চগড় সংবাদদাতার ফোন: থানায় এজাহার দেওয়ার প্রতিবাদে ও নকল করার দাবীতে কিছুসংখ্যক পরীক্ষার্থী গতকাল ডিগ্রী পরীক্ষার দ্বিতীয় দিনে পঞ্চগড় মকবুলার রহমান সরকারী কলেজ ডিগ্রী পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা শুরু হওয়ার পর পরই গোলমাল শুরু করে। তাহারা কেন্দ্রের আসবাবপত্র ভাঙচুর ও কাগজপত্র তছনছ করে। খবর পাইয়া জেলা প্রশাসক ও পুলিশ সুপার ঘটনাস্থলে হাজির হন এবং পরিস্থিতি আয়ত্তে আনেন। নির্ধারিত সময়ের প্রায় আধাঘন্টা পর পরীক্ষা পুনরায় শুরু হয়। এই সময় ৬৭ জন পরীক্ষার্থী পরীক্ষা বর্জন করিয়া চলিয়া যায়। উল্লেখ্য, কলেজ কর্তৃপক্ষ প্রাণনাশের হুমকির প্রেক্ষিতে গত শনিবার পঞ্চগড় থানায় ৭ জনের বিরুদ্ধে একটি এজাহার দেয়।